

🔳 আল-মুদ্দাসসির | Al-Muddathir | ٱلْمُدَّنِّر

আয়াতঃ ৭৪: ১৩

💵 আরবি মূল আয়াত:

وَّ بَنِينَ شُهُودًا ﴿١٣﴾

আর উপস্থিত অনেক পুত্র। _ আল-বায়ান

আর অনেক ছেলে যারা সব সময় তার কাছেই থাকে। — তাইসিরুল

এবং নিত্য সঙ্গী পুত্রগণ। — মুজিবুর রহমান

And children present [with him] — Sahih International

১৩. এবং নিত্যসঙ্গী পুত্রগণ(১),

(১) এসব পুত্র সন্তানদের জন্য الله শব্দ ব্যবহার করা হয়েছে। এর কয়েকটি অর্থ হতে পারে। এক, রুযী রোজগারের জন্য তাদের দৌড় ঝাপ করতে বা সর্বক্ষণ ব্যস্ত থাকতে কিংবা বিদেশ যাত্রা করতে হয় না। তাদের বাড়ীতে এত খাদ্য মজুদ আছে যে, তারা সর্বক্ষণ বাপের কাছে উপস্থিত থাকে। বরং তাকে সাহায্য করার জন্য প্রস্তুত থাকে। [ইবন কাসীর] দুই, তার সবগুলো সন্তানই নামকরা এবং প্রভাবশালী, তারা বাপের সাথে দরবার ও সভা-সমিতিতে উপস্থিত থাকে। [কুরতুরী]

তাফসীরে জাকারিয়া

(১৩) এবং নিত্য সঙ্গী পুত্রগণ। [1]

[1] তাকে আল্লাহ অনেকগুলো পুত্র সন্তান দান করেছিলেন। তারা (ছেলেরা) সব সময় তার (পিতার) কাছেই থাকত। ঘরে মাল-ধনের প্রাচুর্য ছিল। এই কারণে ব্যবসা-বাণিজ্যের জন্য ছেলেদের বাইরে যাওয়ার প্রয়োজন হত না। কেউ কেউ বলেন, ছেলেদের সংখ্যা ছিল সাত। কেউ বলেন, তারা ছিল ১২ জন। আবার কেউ বলেন, তারা ছিল ১৩ জন। তাদের মধ্যে ৩ জন ইসলাম গ্রহণ করেছিল। তাঁরা হলেন খালেদ, হিশাম এবং অলীদ বিন অলীদ (রাঃ)। (ফাতহুল ক্রাদীর)

তাফসীরে আহসানল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন